JUN. 1 9 2002



*সদ্য অনুমোদনপ্রাপ্ত স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এসইউবি)-এর গবর্নিং বডির সভায় বক্তব্য রাখছেন বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত ভাইস চ্যান্সেলর অধ্যাপক ইয়াজউদ্দীন আহমেদ*

## বেসরকারী বিশ্ববিদ্যালয় হিসাবে এসইউবির অনুমোদন লাভ

স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এসইউবি) বেসরকারী বিশ্ববিদ্যালয় হিসাবে গত ৩০ মে সরকারী অনুমোদন লাভ করে। শিক্ষাক্ষেত্রে উন্নতমান বজায় রেখে বেসরকারী এই বিশ্ববিদ্যালয়টি আগামী সেপ্টেম্বর ২০০২ তারিখে ধানমণ্ডিস্থ নিজস্ব সুপরিসর ভবনে তার যাত্রা শুরু করতে যাচ্ছে। প্রাথমিক পর্যায়ে এই বিশ্ববিদ্যালয়টি আপাতত বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট, কম্পিউটার এ্যান্ড ইনফরমেশন টেকনোলজি এবং কম্পিউটার ইঞ্জিনিয়ারিং- এই তিনটি বিভাগে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে ছাত্রছাত্রী ভর্তি করা হবে।

ঢাকাস্থ একটি হোটেলে আয়োজিত বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিক উদ্বোধনী ঘোষণায় পাবলিক সার্ভিস কমিশনের প্রাক্তন চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রাক্তন চেয়ারম্যান, দেশের বিশিষ্ট শিক্ষাবিদ এবং এই বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত ভাইস চ্যান্সেলর প্রফেসর ইয়াজউদ্দীন আহমেদ তাঁর বক্তব্যে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেন, আন্তর্জাতিক সুখ্যাতি অর্জনের ক্ষেত্রে প্রথম থেকে এই বিশ্ববিদ্যালয়ের কোর্স কারিকুলাম যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়াসহ ইউরোপ, আমেরিকার আন্তর্জাতিক মানসম্পন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে এবং ছাত্রছাত্রীরা সেখানে ক্রেডিট ট্রান্সফার করে লেখাপড়া করার সুযোগ পাবে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের গবর্নিং বডির সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রাক্তন চেয়ারম্যান প্রফেসর এমএ ফয়েজ, বিশিষ্ট চিকিৎসক অধ্যাপক ডা. আবুল বায়েস ভুঁইয়া, ল্যাব এইড গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ডা. এএম শামীম এবং ডা. মোঃ মাহবুবুর রহমান লিটন।